



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

১২৬
৩১/৭/২৪

স্মারক নং ০৫(৫৩০) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২/৫১১৯

তারিখ : ২৯/০৭/২০২৪ খ্রিঃ

**২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ
পরীক্ষার ফরম পূরণের সংশোধিত ও সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সময় নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী বৃদ্ধি করা হলো। উক্ত সময়ের মধ্যে ফরম পূরণের যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে। নির্ধারিত তারিখের পর ফরম পূরণের যাবতীয় কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে পরীক্ষার্থী ও কলেজকে ফরম পূরণ সম্পর্কিত সকল কাজ সম্পন্ন করতে হবে।

ফরমপূরণ, শিক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন ও সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দেয়ার তারিখ:

অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ (শিক্ষার্থী কর্তৃক)	প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার তারিখ (শিক্ষার্থী কর্তৃক)	শিক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক)	সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক)
০৪/০৮/২০২৪ হতে ১৯/০৮/২০২৪	২০/০৮/২০২৪ ও ২১/০৮/২০২৪	২২/০৮/২০২৪ হতে ২৫/০৮/২০২৪	২৭/০৮/২০২৪ হতে ২৯/০৮/২০২৪

উল্লেখ্য, পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল কলেজ ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কাজ (যেমন- ফরম পূরণ, ডাটা নিশ্চয়ন, পে-শ্রিপ ডাউনলোড ও সোনালী সেবার মাধ্যমে টাকা জমা ইত্যাদি) করতে পারেননি সে সকল কাজও সম্পন্ন করতে পারবেন।

ইতোপূর্বে স্মারক নং ০৫(৫৩০) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২/৫০৬৭, তারিখ : ০৫/০৬/২০২৪ খ্রিঃ মোতাবেক প্রকাশিত বিজ্ঞপ্তির ৩-এর (ছ) নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলীর সংশোধন নিম্নরূপ:

অনুচ্ছেদ 'ছ' (সংশোধিত) :

১ম ও ২য় বর্ষের সকল বিষয়ে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষে এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের একে ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে নাই তারা সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২২ সালের ৩য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। একই সাথে ১ম ও ২য় বর্ষের সকল কোর্সে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ২০১৫-২০১৬ একে ২০১৬ (প্রাইভেট) শিক্ষাবর্ষের এ ধরনের শিক্ষার্থী সর্বসাকুল্যে ৬০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে উল্লিখিত শর্তে শুধুমাত্র ২০২২ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশ নিতে পারবে।

উভয় ক্ষেত্রেই রেজিস্ট্রেশন নবায়নের প্রয়োজন নাই এবং উত্তীর্ণ হলে মানোন্নয়ন অংশগ্রহণের সুযোগ পাবে না। তবে শর্ত থাকবে যে, পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

(প্রতি বর্ষে ভর্তির সময় ২০০/- টাকা হারে ইন-কোর্স (নিয়মিত/প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স) ফি সংশ্লিষ্ট কলেজ গ্রহণ করে ইন-কোর্স পরীক্ষা সম্পন্ন করবে)

বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

বিঃদ্রঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত অথবা যে কোন তথ্যের জন্য www.nu.ac.bd ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি ব্যতিত অন্য কোন সূত্র থেকে প্রাপ্ত তথ্য অনুসরণ না করার জন্য অনুরোধ করা হলো।

Musab Uddin

(মেজবাহ্ উদ্দিন) ২৭.৭.২৪

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭ (অফিস)

তারিখ : ২৯/০৭/২০২৪ খ্রিঃ

স্মারক নং ০৫(৫৩০) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২/৫১১৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

- ১। ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। পরিচালক, তথ্য ও সেবা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
- ৭। অফিস কপি।

(সরকার মোহাম্মদ এরশাদ)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

মোবাঃ ০১৩১৩-০৫২৩৭০ (শুধু অধ্যক্ষ)

nudegreepassexam@gmail.com